# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া , গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/ Standing-1 /২০১৯/ ৬৩২ তারিখঃ ২১/১২/১৯ইং

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত স্থায়ী) কমিটির সম্মানিত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ১১/১২/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত স্থায়ী) কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয় সমূহ ঃ-১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।

২) পৌর এলাকা থেকে ময়লা আবর্জনা দ্রুত অপসারন করা প্রসঙ্গে আলোচনা।

৩) ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা।

৪) বিবিধ।

২১/১২/১৯ইং

(এস এম মিজানুর রহমান)
৪নং ওয়ার্ড কাউন্সিলর
ও
সভাপতি
আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত)স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ

প্রাপকঃ জনাব-------------------------------

-----------------------------------

সদস্য
আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত স্থায়ী) কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

*অনুলিপি সদয় অবগতির জন্য ঃ*

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশ্লিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com

## আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত স্থায়ী) কমিটির

*সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট*

তারিখ ঃ ২১।১২।১৯ ইং, সময় ঃ ১২.০০ ঘটিকা

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব এস এম মিজানুর রহমান | সভাপতি | |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | জনাব সালেহা বেগম | সদস্য | |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | |
| ০৫ | জনাব মো: আলম গাজী | সদস্য | |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

পৌরসভার আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত স্থায়ী ) কমিটির কার্য বিবরনী

সভাপতি ঃ এস এম মিজানুর রহমান, ৪নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ১১/১২/২০১৯ খ্রিঃ।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব সালেহা খানম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব মো: আলম গাজী | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব এস এম মিজানুর রহমান, ৪নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | বাড়ি-ঘর অফিস আদালত, রাস্তা, নর্দমা ও খোলা জায়গা হইতে ময়লা আবর্জনা সংগ্রহ ও অবসারনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ৩ জনাব রাবেয়া বেগম বলেন- পরিস্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। যত্র তত্র ময়লা আবর্জনা ফেলার ফলে দেখা দেয় পরিবেশ দূষণ। বায়ু বাহিত রোগ দেখা দেয় আশংকা জনক হারে। চলাচলে মারাত্মক অসুবিধা দেখা দেয়। নির্ধারিত স্থানে ময়লা আবর্জনা না ফেলার ফলে স্বাস্থ্যঝুকিও বেড়ে যায় বহুগুণে। বিধায় নির্ধারিত ডাষ্টবিনে বা স্থানে ময়লা আবর্জনা ফেলতে হবে, পৌরসভার পরিচ্ছন্নতা কর্মি ড্রেন বা নর্দমা থেকে অফিস আদালতের সম্মুখ হতেও আবর্জর অপসারণ করবে। এবং প্রতিদিনের আবর্জনা প্রতিদিন নির্দিষ্ট স্থান থেকে পৌরসভার গার্ভেজ ট্রাক সেটি নিয়ে যাবে পাশাপশি । যদি কোন করণে বিলম্ব হয় তবে পৌরসভাকে অবহিত করতে হবে। | বাড়ি-ঘর অফিস আদালত, রাস্তা, নর্দমা ও খোলা জায়গা হইতে ময়লা আবর্জনা সংগ্রহ ও অবসারনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | কোটালীপাড়া পৌরসভার সম্মানীত মেয়র জনাব মোঃ কামাল হোসেন শেখ বলেন- এডিস মসার মাধ্যমে ডেঙ্গু জ্বরের উৎপত্তি হয়। এই মসার কামড়ের ফলে ডেঙ্গু জ্বর হয়। এটিকে কোন ভাবেই অবহেলা করা যাবে না। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন থেকে এক যোগে কাজ করতে হবে।* ডেঙ্গু প্রতিরোধে বাড়ি আঙ্গিনায় বা আশে পাশে জমে থাকা স্বাচ্ছ পানি ফেলে দিতে হবে। * ঘুমানোর সময় মসারি ব্যবহার করতে হবে। * ময়লা আবর্জনার স্তুপ থাকলে তা পরিস্কার করা। * ডেঙ্গু হলে কোন প্রকার এন্টিবায়টিক ঔষধ সেবন করা যাবে না, শুধু মাত্র প্যারাসেটিম্যাল জাতীয় ঔষধ সেবন করা যেতে পারে। *দ্রুত ডাক্তারের কাছে যেতে হবে। * সম্পূর্ণ বিশ্রামে থাকতে হবে। * তরল জাতীয় খাবার বেশি বেশি খেতে হবে। সর্বপরি বাংলাদেশ সরকার এবং পৌর পরিষদ আপনাদের পাশে থেকে সর্বাত্মক সহযোগীতা করে যাচ্ছে এবং যাবে। | ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। |

(এস এম মিজানুর রহমান)
৪নং ওয়ার্ড কাউন্সিলর ও
সভাপতি
আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক (অতিরিক্ত স্থায়ী ) কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।